

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২.০৮-৪২৪

তারিখঃ ১৩/০৭/২০২১ ইং

পরিপত্র


বিষয়ঃ কার্য ও ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে ক্রয় পদ্ধতি নির্বাচন প্রসঙ্গে।

সূত্রঃ ১। স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.২৭.০০৩.১৪-৫২৩, তারিখঃ ২৭/১২/২০১৮ খ্রিঃ।
২। স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২.০৮-২৩৮, তারিখঃ ২৮/০৭/২০১৯ খ্রিঃ।

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় উন্নয়নমূলক কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে সূত্রস্থ ১ নং স্মারক মূলে “দরপত্র দলিল প্রণয়ন, চুক্তি সম্পাদন ও বাস্তবায়ন” বিষয়ে আদেশ জারি করা হয়েছে। উক্ত আদেশের অন্যান্য নির্দেশনাসমূহ অপরিবর্তিত রেখে ক্রমিক নং ১ এর নির্দেশনা নিম্নরূপ প্রতিস্থাপন করা হলোঃ

১. (ক) সাধারণভাবে, কোন স্কীমের/প্যাকেজের প্রাক্কলিত মূল্য ২.০ (দুই) কোটি টাকার মধ্যে থাকলে ক্রয় পরিকল্পনা প্রণয়নকালে পিপিআর ২০০৮ এর বিধি ৬৩(১)(ঘ) অনুসরণে সীমিত দরপত্র পদ্ধতি (LTM) অনুসরণ করতে হবে (± ৫%)।
- (খ) কোন স্কীমের/প্যাকেজের প্রাক্কলিত মূল্য ২.০ (দুই) কোটি টাকার অধিক কিন্তু ৩০.০ (ত্রিশ) কোটি টাকার মধ্যে থাকলে ক্রয় পরিকল্পনা প্রণয়নকালে উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) অনুসরণ করতে হবে (± ১০%)।
- (গ) কোন স্কীমের/প্যাকেজের প্রাক্কলিত মূল্য ৩০.০ (ত্রিশ) কোটি টাকার উর্ধ্বে হলে ক্রয় পরিকল্পনা প্রণয়নকালে এক ধাপ দুই খাম দরপত্র পদ্ধতি (OSTETM) অনুসরণ করতে হবে।
- (ঘ) ব্যতিক্রমী পরিস্থিতিতে ৩.০ (তিন) কোটি টাকা পর্যন্ত সীমিত দরপত্র পদ্ধতি (LTM) অথবা অন্য কোন পদ্ধতি যুক্তিযুক্ত বিবেচিত হলে যৌক্তিকতা ব্যাখ্যাসহ নিম্নস্বাক্ষরকারীর অনুমোদন গ্রহণ করতে হবে।
- (ঙ) উন্নয়ন সহযোগী/দাতা সংস্থার অর্থায়নে বাস্তবায়িতব্য স্কীম/প্যাকেজের ক্রয় পদ্ধতি নির্বাচনের ক্ষেত্রে উন্নয়ন সহযোগী/দাতা সংস্থার স্ব-স্ব পদ্ধতি/Financing Agreement বা স্বণের শর্ত অনুসরণ করতে হবে।

এ বিষয়ে পূর্বে জারিকৃত সূত্রস্থ ২ নং স্মারকের পরিপত্রটি বাতিল করা হ'ল। এ আদেশ জনস্বার্থে জারি করা হ'ল এবং অবিলম্বে কার্যকর হবে।



(মোঃ আব্দুর রশীদ খান)
প্রধান প্রকৌশলী

ফোনঃ ০২-৫৮১৫২৮০২


ই-মেইলঃ ce@lged.gov.bd

তারিখঃ ১৩/০৭/২০২১ ইং

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২.০৮-৪২৪/১(৭)

অনুলিপিঃ

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/বিভাগ।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/অঞ্চল।
- ৩। প্রকল্প পরিচালক (সকল),এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৪। নির্বাহী প্রকৌশলী (সকল), এলজিইডি, জেলা:.....।
- ৫। উপজেলা প্রকৌশলী (সকল), এলজিইডি,উপজেলা, জেলা:.....।
- ৬। সিনিয়র সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী/হিসাব রক্ষক, এলজিইডি, জেলা:.....।
- ৭। উপজেলা সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী/হিসাব রক্ষক, এলজিইডি, উপজেলা
জেলা:.....।



(মোঃ আব্দুস সাত্তার)
নির্বাহী প্রকৌশলী (প্রকিউরমেন্ট)